



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/ ৫৩/১ (৫২৭)

তারিখ: ১৭.০২.২০২৫ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে নট পে-রোলকৃত শিক্ষার্থীদের একাউন্টসহ অন্যান্য তথ্যাদি সংশোধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর অন্তর্ভুক্ত সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে সারাদেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি বা স্বীকৃতিপ্রাপ্ত এবং ব্যানবেইস কর্তৃক EIIN নম্বরধারী সাধারণ স্কুল, কলেজ ও মাদ্রাসায় অধ্যয়নরত ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির অসম্মল শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদান করা হয়।

০২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে একাউন্ট সংক্রান্ত তথ্য ভুলের কারণে iBAS++ কর্তৃক কিছু শিক্ষার্থীদের পে-রোল প্রস্তুত করা সম্ভব হয়নি। উক্ত একাউন্টনম্বরসহ অন্যান্য তথ্য (যদি ভুল থাকে) সংশোধনের জন্য আগামী ১৩.০৩.২০২৫ তারিখের মধ্যে নিম্নলিখিত ছক মোতাবেক তথ্য এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন অবশ্যই উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করা জন্য অনুরোধ করা হলো।

০৩। ইতোপূর্বে যে সকল শিক্ষার্থীর তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ সংশোধন করা হয়েছে অথবা তথ্য সংশোধন করার লক্ষ্যে সমন্বিত উপবৃত্তি কর্মসূচিতে তথ্য প্রেরণ করা হয়েছে সে সকল শিক্ষার্থীর তথ্য পুনরায় প্রেরণ করার প্রয়োজন নাই। কেবল মাত্র HSP-MIS সফটওয়্যারে নট পে-রোলকৃত শিক্ষার্থীদের তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী সংশোধনের জন্য প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, ২০২৩-২৪ অর্থবছরে নট পে-রোলকৃত শিক্ষার্থীদের তথ্যাদি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ইমেইলে শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক এক্সেলশীটে প্রেরণ করা হয়েছে।

‘তথ্য ছক’

ক্র. নং	শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (১৭ সংখ্যা)	শ্রেণি	শিক্ষার্থীর নাম	অভিভাবকের নাম ও জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ সংখ্যা)	ভুল তথ্য/ একাউন্ট নম্বর	সঠিক তথ্য/ একাউন্ট নম্বর	হিসাবধারীর নাম	ব্যাংকের নাম ও শাখা/মোবাইল ব্যাংকিং অপারেটর	মন্তব্য
০১									
০২									
০৩									

সংযুক্তি: নট পে-রোলকৃত শিক্ষার্থীর এক্সেলশীট।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।